সমকাল

তারিখ 14 AUG 2016
পৃষ্ঠা 6 কলাম 6

## কোটা বাড়ানো হোক

দেশে দিন দিন উচ্চশিক্ষা নিতে আগ্রহী শিক্ষার্থীর সংখ্যা বাড়ছে। কিন্তু পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংখ্যা সে অনুযায়ী কম। বাধ্য হয়ে তাদেরকে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দিকে ঝুঁকতে হচ্ছে। সেখানে খরচ তুলনামূলক বেশি হওয়ায় অনেক মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীর পক্ষে সম্ভব হয়ে ওঠে না বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করার। ফলে তাদের উচ্চশিক্ষা নেওয়ার সুযোগ কমে যাচ্ছে। হয়তো এসব বিবেচনায় বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী, বিশ্ববিদ্যালয়গুলোর মোট আসনের ৬ শতাংশ দরিদ্র ও মুক্তিযোদ্ধার সন্তানদের সম্পূর্ণ বিনা বেতনে ভর্তি করার কথা। এর মধ্যে ৩ শতাংশ দরিদ্র পরিবারের জন্য এবং বাকি ৩ শতাংশ মুক্তিযোদ্ধার সন্তানের জন্য বলা আছে। এ কোটা চাহিদার তুলনায় নগণ্য। তাদের কোটা বাড়ালে অধিক সংখ্যক শিক্ষার্থী উচ্চশিক্ষা নিতে পারবে। সরকারের এ বিষয়ে নজর দেওয়া উচিত।

নোশিন ওবায়েদ
সাউথইস্ট বিশ্ববিদ্যালয়